Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২২ আষাঢ় ১৪৩৩

DU in Media

6 July2026

ভোরের ডাক

আবুল কাসেম ফজলুল হক
নক্ষত্রতুল্য একজন মানুষের বিদায়

ভোরের ডাক রিপোর্ট : বরেণ্য রাষ্ট্রচিন্তক, লেখক, গবেষক, সাহিত্য সমালোচক, বাংলা একাডেমির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক আর নেই। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। গতকাল রোববার বিকেলে রাজধানীর মিরপুরে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।



বাংলা একাডেমির মহাপরিচালক ও অধ্যাপক আবুল কাসেম ফজলুল হকের ছাত্র মোহাম্মদ আজম সাংবাদিকদের তাঁর মৃত্যুর খবর নিশ্চিত করেছেন। তিনি বলেন, বেলা আড়াইটা থেকে তিনটার মধ্যে মিরপুর-১ নম্বরের একটি রেস্তোরাঁয় স্যার খেতে গিয়েছিলেন। সেখানে অসুস্থ বোধ করলে তাঁকে হার্ট ফাউন্ডেশন হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। ২০২৪ সালের ২৮ অক্টোবর অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক বাংলা একাডেমির সভাপতি পদে যোগ দেন। আবুল কাসেম ফজলুল হকের জন্ম ১৯৪০ সালের ৩০ সেপ্টেম্বর কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার পাকুন্দিয়া গ্রামে। তার পিতা মুহাম্মদ আবদুল হাকিম, মা জাহানারা খাতুন এবং তাঁর স্ত্রী ফরিদা প্রধান। ময়মনসিংহের আনন্দ মোহন কলেজ থেকে ১৯৬২ সালে আইএসসি পাস করেন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

নক্ষত্রতুল্য একজন মানুষের

শেষ পৃষ্ঠার পর। বিভাগ থেকে ১৯৬৫ সালে স্নাতক ও ১৯৬৬ সালে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ছাত্রজীবনে তিনি ছাত্র ইউনিয়নের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। ১৯৬০-এর দশকের শেষ দিকে তিনি মার্ক্সবাদী ধারার রাজনীতিতেও সক্রিয় ছিলেন। ১৯৬০-এর দশকের প্রগতিশীল সব আন্দোলন এবং উনসত্তরের গণ-অভ্যুত্থানে তিনি সক্রিয় ভূমিকা পালন করেন। এরপর তিনি মার্ক্সবাদী রাজনীতির সব সাংগঠনিক সংযোগ ছিন্ন করেন। মূলত উনসত্তরের গণ-অভ্যুত্থানের পরে তিনি রাজনৈতিক কোনো সংগঠনে যুক্ত না থেকে বরং রাজনীতির ধারায় তিনি যা আশা করেন, লেখার মাধ্যমে তা করার সংকল্প গ্রহণ করেন। এর মধ্যে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়। মুক্তিযুদ্ধ চলাকালে তিনি ঢাকা শহরে থেকে মুক্তিযোদ্ধাদের আশ্রয় ও অর্থ সংগ্রহ করে দিয়ে সহযোগিতা করেন। স্বাধীনতার পর তিনি কোনো রাজনৈতিক সংগঠনের সঙ্গে যুক্ত হননি। ১৯৭২ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। ২০১১ সালের ৩০ জুন তিনি অবসরে যান। সুপারনিউমারারি অধ্যাপক হিসেবে ২০১১-১৫ সাল পর্যন্ত একই বিভাগে কর্মরত ছিলেন। দুই বছর (২০২১-২৩) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে আহসান হাবীব চেয়ার পদে নিয়োজিত ছিলেন। সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করতে আবুল কাসেম ফজলুল হক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তাঁর প্রথম বই 'মুক্তিসংগ্রাম' প্রকাশিত হয় ১৯৭২ সালে। 'সুন্দরম' ও 'লোকায়ত' নামে দুটি সাময়িকপত্রের সম্পাদনা ছাড়াও রয়েছে তাঁর অনেক গুরুত্বপূর্ণ বই। 'একুশে ফেব্রুয়ারি আন্দোলন', 'রাজনীতি দর্শন', 'সাহিত্য চিন্তা', 'বাংলাদেশের রাজনীতিতে বুদ্ধিজীবীদের ভূমিকা', 'সংস্কৃতির সহজ কথা'সহ ৭২টির মতো মৌলিক গ্রন্থ রয়েছে তাঁর।

প্রথম আলো



আবুল কাসেম ফজলুল হক। প্রথম আলো

অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক আর নেই

বিশেষ প্রতিনিধি, ঢাকা

দেশের বিশিষ্ট রাজনৈতিক চিন্তাবিদ, লেখক ও গবেষক, শিক্ষাবিদ, বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক আকস্মিকভাবে হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে চিরপ্রস্থান করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৮৬ বছর।

অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক স্ত্রী ফরিদা প্রধান, মেয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপাচার্য শুচিতা শারমিন, পুত্রবধূ রাজিয়া রহমান, নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর ছেলে জাগৃতি প্রকাশনীর প্রকাশক ফয়সল আরেফিন দীপন ২০১৫ সালের ৩১ অক্টোবর আজিজ সুপার মার্কেটে উগ্রবাদীদের হামলায় নিহত হন।

পরিবার সূত্রে জানা গেছে, গতকাল রোববার দুপুরে অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক পরিবারের সদস্যদের নিয়ে মিরপুরে একটি চায়নিজ রেস্তোরাঁয় দুপুরের খাবার খেতে গিয়েছিলেন। এমন সময় তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। ওই ভবনেই অবস্থিত একটি ক্লিনিকে তাঁকে নেওয়া হয়। চিকিৎসকেরা তাঁকে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে নেওয়ার পরামর্শ দেন। দ্রুত তাঁকে হার্ট ফাউন্ডেশনে নেওয়া হয়। সেখানে চিকিৎসকেরা জানান, হাসপাতালে পৌঁছানোর আগেই তিনি ইন্তেকাল করেছেন। সময় তখন বেলা তিনটার মতো হবে। এরপর শোকাচ্ছন্ন পরিবারের সদস্যরা তাঁকে মিরপুরের পল্লবীতে তাঁর বাড়িতে নিয়ে আসেন।

অধ্যাপক আবুল কাসেম ফজলুল হকের এই আকস্মিক মৃত্যুর খবরে রাজধানীর শিক্ষা-সংস্কৃতির অঙ্গনে শোকের ছায়া নেমে আসে। বাংলা একাডেমির মহাপরিচালক ও তাঁর ছাত্র অধ্যাপক মোহাম্মদ আজমসহ অনেকে তাঁর পল্লবীর বাসায় যান।


অধ্যাপক মোহাম্মদ আজম প্রথম আলোকে জানান, আজ সোমবার ফজরের নামাজের পর পল্লবী মসজিদুল আমান জামে মসজিদ প্রাঙ্গণে অধ্যাপক আবুল কাসেম ফজলুল হকের প্রথম জানাজা সম্পন্ন হবে। এরপর মরদেহ আনা হবে বাংলা একাডেমিতে। সকাল সাড়ে ১০টা থেকে ১১টা পর্যন্ত এখানে একাডেমির পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হবে। এরপর ১১টায় সর্বস্তরের জনগণের শ্রদ্ধা নিবেদনের জন্য আনা হবে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে। সেখান থেকে দুপুর ১২টায় নেওয়া হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনে অপরাজেয় বাংলার সামনে। এখানে বেলা একটা পর্যন্ত শ্রদ্ধা নিবেদন করা হবে। বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দ্বিতীয় জানাজার পর মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে তাঁকে চিরনিদ্রায় শায়িত করা হবে।

প্রধানমন্ত্রী তারেক রহমান অধ্যাপক আবুল কাসেম ফজলুল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। শোক প্রকাশ করেছেন সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস, বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শোক প্রকাশ করেছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি), জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ) ও জাতীয় কবিতা পরিষদ।

Scanned with CamScanner

Daily Times

Bangla Academy President Abul Kashem Fazlul Haq dies at 85



TIMES Entertainment

Eminent essayist, researcher, thinker and Bangla Academy President Professor Abul Kashem Fazlul Haq died on Sunday while undergoing treatment at the National Heart Foundation Hospital in Mirpur, Dhaka. He was 85.

Bangla Academy Director General Professor Mohammad Azam confirmed the news. Professor Haq had served as the academy's president since 27 October 2024 after his appointment by the interim government.

Widely regarded as one of Bangladesh's foremost public-intellectuals, he devoted more than four decades to promoting progressive thought, critical inquiry and democratic values. Born in Pakundia, Kishoreganj, on 30 September 1940, he completed his education at Mymensingh Zilla School, Ananda Mohan College and the University of Dhaka, where he later taught at the Department of Bangla and served as its chairman.

Since 1982, he edited the journal *Lokayat* and from 2000 to 2013 led Swadesh Chinta Sangha, where he introduced a 28-point programme for Bangladesh's democratic and social development. He authored more than 21 books, translated works by Bertrand Russell and edited Bankim Chandra Chattopadhyay's *Samya*. His contributions earned him several honours, including the Bangla Academy Literary Award.

He is survived by his wife, Farida Pradhan, daughter Suchita Sharmin, the first female vice-chancellor of Barishal University, and the memory of his son, publisher Faisal Arefin Dipan, who was killed in a militant attack in 2015.

Professor Abul Kashem Fazlul Haq leaves behind an enduring legacy of scholarship, rational thought and literary excellence.


The New Age

DU holds workshop on lead-free solar cell

Staff Correspondent

A DISSEMINATION workshop titled Exploring Lead-free Organic Perovskite through Computational Doping Strategies for Enhanced Solar Cell Application was held at the Mukarram Hussain Khundkar Science Building of Dhaka University on Sunday.

The department of theoretical and computational chemistry organised the workshop, which was funded by the University Grants Commission of Bangladesh, said a press release.



Dhaka University pro-vice-chancellor, academic, Professor Abdus Salam, among others, attends a workshop on lead-free solar cell technology at DU on Sunday. — Press release

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd


জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২২ আষাঢ় ১৪৩৩

DU in Media

6 July2026

ভোরের আকাশ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে গতকাল দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন ■ পিআইডি

The Country Today



Two-day int'l confce begins at DU

Call for development of domestic health tech to reduce import dependence

DU Correspondent

A two-day international conference on ' International Conference on Appropriate Technology for Healthcare in LMICs (ICATH-LMIC 2026) ' on the innovation and effective application of affordable, accessible and sustainable technologies for healthcare in low- and middle-income countries (LMICs) has begun on Sunday morning, at Nabab Nawab Ali Chowdhury Senate Building of Dhaka University.

The inaugural ceremony of the conference was graced by the Chief Guest, Minister of Health and Family Welfare Sardar Md. Sakhawat Hossain, MP.

The special guests at the event were Prof. Dr. A. B. M. Obaidul Islam, Vice Chancellor of Dhaka University, Prof Dr. Abdul Hasib Chowdhury, Pro-Vice Chancellor of Bangladesh University of

Continued to page 4

Call for development

Engineering and Technology (BUET), Prof Dr. F. M. Siddiqui, Vice Chancellor of Bangladesh Medical University (BMU), Prof A. K. Azad Khan, President and National Professor of Bangladesh Diabetic Society, Dr. Ahmed Jamshid Mohamed, Country Representative of the WHO Bangladesh Office, and Professor Emeritus of the University of Sheffield, UK.

The event was presided over by Professor Syed Akram Hossain, Chairman of the Department of Clinical Oncology, Bangladesh Medical University. Honorary Professor Khondaker Siddique-e Rabbani, Department of Biomedical Physics and Technology, University of Dhaka, is serving as the Chairman of the conference. He presented the keynote address in the inaugural session.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২২ আষাঢ় ১৪৩৩

DU in Media

6 July2026

আলোকিত বাংলাদেশ



ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শুরু

আলোকিত ডেস্ক : স্বল্প ও মধ্যম আয়ের দেশসমূহে (LMICs) স্বাস্থ্যসেবার জন্য সাশ্রয়ী, সহজলভ্য ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন এবং এর কার্যকর প্রয়োগ নিয়ে 'International Conference on Appropriate Technology for Healthcare in LMICs (ICATH-LMIC 2026)' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গতকাল রোববার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সর্দার মো. সাখাওয়াত হোসেন, এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরী, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) উপাচার্য অধ্যাপক ড. এফএম সিদ্দিকী, বাংলাদেশ ডায়াবেটিক সোসাইটির সভাপতি ও জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)-এর বাংলাদেশ অফিসের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ (প্রতিনিধি) ডা. আহমেদ জামশীদ মোহাম্মেদ এবং যুক্তরাজ্যের শেফিল্ড বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক বি এইচ ব্রাউন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

বণিক বার্তা

ঢাবিতে আন্তর্জাতিক সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী

চিকিৎসাসেবা নিশ্চিতে স্বাস্থ্য খাতে বরাদ্দ দ্বিগুণ করেছে সরকার

নিজস্ব প্রতিবেদক ■

দেশে রোগীদের সঠিক রোগ নির্ণয় এবং প্রান্তিক পর্যায়ে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিতের ক্ষেত্রে যেটুকু ঘাটতি রয়েছে, তা পূরণে সরকার কাজ করছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে 'নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলোয় স্বাস্থ্যসেবার জন্য উপযুক্ত প্রযুক্তি' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ফিজিক্স অ্যান্ড টেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ মেডিকেল ইউনিভার্সিটির ক্লিনিক্যাল অনকোলজি বিভাগ, বাইবিট লিমিটেড ও রিলেভেন্ট সায়েন্স অ্যান্ড টেকনোলজি সোসাইটি যৌথভাবে এ আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'দেশে রোগ নির্ণয়ের সক্ষমতা বাড়াতে আধুনিক প্রযুক্তিনির্ভর স্বাস্থ্যসেবার প্রসার অপরিহার্য। বিশেষ করে গ্রামীণ ও প্রান্তিক জনগোষ্ঠীর কাছে মানসম্মত চিকিৎসাসেবা পৌঁছে দিতে সরকার বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করছে।'

তিনি বলেন, 'দেশের প্রান্তিক পর্যায়ের রোগীরা এখনো সঠিকভাবে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এ পরিস্থিতির দ্রুত উন্নতি ঘটাতে সরকার বদ্ধপরিকর। সরকারের এ লক্ষ্য অর্জনেই বাজেটে স্বাস্থ্য খাতে দ্বিগুণ বরাদ্দ দেয়া হয়েছে।'

দেশীয় চিকিৎসা প্রযুক্তি উদ্ভাবনের প্রতি সরকারের সমর্থনের কথা তুলে ধরে মন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিমেডিসিন কর্মসূচির প্রশংসা করেন। তিনি জানান, এ প্লাটফর্মে অনলাইন ১২-লিড ইসিজি ও ইলেকট্রনিক স্টেথোস্কোপের মতো আধুনিক প্রযুক্তি যুক্ত রয়েছে। সরকারের নতুন গ্রামীণ স্বাস্থ্যসেবা কর্মসূচির সঙ্গে এসব প্রযুক্তির সমন্বয় করা গেলে গ্রামীণ স্বাস্থ্যসেবায় উল্লেখযোগ্য পরিবর্তন আনা সম্ভব হবে।

Scanned with CamScanner

প্রতিদিনের বাংলাদেশ+



সম্প্রতি রাশিয়ার স্টেট ট্রেটইয়াকোভ গ্যালারিতে আয়োজিত অনুষ্ঠানে অরণী হোসেন অথৈর হাতে সনদপত্র ও সম্মাননা তুলে দেওয়া হয় । সংগৃহীত

সেরা ঢাবি শিক্ষার্থী অরণী

রাশিয়ায় চিত্রকর্ম প্রদর্শনী

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

রাশিয়ায় অনুষ্ঠিত আন্তর্জাতিক চিত্রকর্ম প্রতিযোগিতা 'কার্তিনা মিরা'তে সাফল্যের স্বাক্ষর রেখেছেন বাংলাদেশের তরুণ শিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের অঙ্কন ও চিত্রায়ন বিভাগের (২০১৮-১৯ শিক্ষাবর্ষ) শিক্ষার্থী অরণী হোসেন অথৈ। তার আঁকা 'দ্য ক্রাফটসম্যান' শীর্ষক চিত্রকর্ম বিশ্বের সেরা নির্বাচিত ১৫টি শিল্পকর্মের মধ্যে স্থান পেয়েছে।

সম্প্রতি রাশিয়ার সামারা শহরে বিশ্বের বিভিন্ন দেশের তরুণ শিল্পীদের অংশগ্রহণে আয়োজিত এবারের প্রতিযোগিতায় মোট ১ হাজার ৬৫৩টি চিত্রকর্ম জমা পড়ে। সেখান থেকে বিচারকদের মূল্যায়নে অরণী হোসেন অথৈর শিল্পকর্মটি সেরা হিসেবে নির্বাচিত হয়। গত ২৪ জুন রাশিয়ার স্টেট ট্রেটইয়াকোভ গ্যালারিতে আয়োজিত এক অনুষ্ঠানে অরণী হোসেন অথৈর হাতে সনদপত্র ও সম্মাননা তুলে দেওয়া হয়। এবারের প্রতিযোগিতায় বাংলাদেশ ছাড়াও ভিয়েতনাম, কলম্বিয়া, কঙ্গো, ইন্দোনেশিয়া, সেনেগাল, দক্ষিণ কোরিয়া, চীন, ক্যামেরুন, রাশিয়া ও কাজাখস্তানের শিল্পীরা বিজয়ীদের তালিকায় স্থান পান। প্রতিযোগিতায় পেইন্টিং, গ্রাফিক্স এবং ডিজিটাল আর্ট– এই তিনটি বিভাগে বিজয়ীদের পুরস্কৃত করা হয়। রাশিয়া থেকে দেশে ফিরে গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন অরণী হোসেন অথৈ। এ সময় আন্তর্জাতিক প্রতিযোগিতায় সেরাশিল্পী হিসেবে নির্বাচিত হওয়ায় তাকে আন্তরিক অভিনন্দন জানান উপাচার্য।

উপাচার্য বলেন, অরণী হোসেন অথৈর এই অর্জনে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার অত্যন্ত আনন্দিত ও গর্বিত। তিনি আশা প্রকাশ করেন, ভবিষ্যতেও তিনি দেশ ও বিশ্ববিদ্যালয়ের জন্য আন্তর্জাতিক অঙ্গনে আরও সাফল্য বয়ে আনবেন।

The Country Today

Int'l painting competition in Russia

DU student's artwork selected as best

DU Correspondent

'KARTINA' in Russia The painting titled " The Craftsman " by Arani Hossain Athai, a student of the 2018-2019 session of the Department of Drawing and Painting under the Faculty of Fine Arts, Dhaka University, has been selected as the best in the international painting competition titled 'MIRA'. This international painting competition for young artists was recently held in Samara, Russia.



St. Petersburg University, Rector Nikolay Mikhaylovich Kropachev presented a certificate and honor to Arani Hossain Athai at a ceremony held at the university's State Tretyakov Gallery on June 24, 2026.

The accomplished student met with Dhaka University Vice Chancellor Prof Dr. ABM Obaidul Islam on Sunday..The Vice Chancellor sincerely congratulated Arani Hossain Athai for being selected as the best artis. in the international painting competition. He said the Dhaka University family is very happy and proud of his achievement.